



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৩ এপ্রিল ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

### সাজেকে গুলি বিনিময়ের(??) ঘটনার সাথে ইউপিডিএফের কোন সম্পৃক্ততা নেই

রাঙামাটি জেলার সাজেকে নিরাপত্তা বাহিনীর সাথে ইউপিডিএফের গুলি বিনিময়ের(??) ঘটনায় একজন ইউপিডিএফ কর্মী নিহত হয়েছে বলে বিভিন্ন মিডিয়ার যে খবর প্রকাশিত হয়েছে তা সত্য নয় এবং এ ধরনের কোনো ঘটনার সাথে ইউপিডিএফের ন্যূনতমও সম্পৃক্ততা নেই বলে জানিয়েছে ইউপিডিএফ।

দলটির কেন্দ্রীয় দপ্তর থেকে দেওয়া এক বিবৃতিতে বলা হয়, ইউপিডিএফ একটি গণতান্ত্রিক রাজনৈতিক দল। গঠনলগ্ন থেকে গণতান্ত্রিকভাবেই ইউপিডিএফ তার কার্যক্রম পরিচালনা করে আসছে। কাজেই, নিরাপত্তা বাহিনীর সাথে গুলি বিনিময়ের কোন প্রশ্নই আসে না। গুলি বিনিময়ের সাথে ইউপিডিএফকে জড়ানোর উদ্দেশ্য হচ্ছে ইউপিডিএফের গণতান্ত্রিক কার্যক্রমকে বাধাগ্রস্ত করার একটি সুগভীর চক্রান্ত।

বিবৃতিতে সত্যিকার অর্থে গুলি বিনিময়ের ঘটনা ঘটেছে, নাকি পরিকল্পিতভাবে কাউকে হত্যা করা হয়েছে তা খটিয়ে দেখা দরকার বলে মন্তব্য করা হয়েছে। বিবৃতিতে ইউপিডিএফের বিরুদ্ধে পরিকল্পিত অপপ্রচারে বিভ্রান্ত না হওয়ার জন্যও সকলের প্রতি আহ্বান জানানো হয়েছে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।